



বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি

ASSOCIATION OF PRIVATE UNIVERSITIES OF BANGLADESH

১৬ জানুয়ারী ২০২২

বরাবর
চেয়ারম্যান
বোর্ড অব ট্রাস্টিজ
সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়।

বিষয়ঃ কোভিড-১৯ টিকা কেন্দ্রে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের জন্য নির্দিষ্ট বুথে ভ্যাকসিন গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, সম্প্রতি স্বাস্থ্য অধিদপ্তরের এক বিজ্ঞপ্তিতে কোভিড-১৯ টিকা কেন্দ্রসমূহে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য নির্দিষ্ট বুথ স্থাপনের নির্দেশনা দেয়া হয়েছে। বিজ্ঞপ্তিতে সকল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা দেওয়ার লক্ষ্যে উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জেলা পর্যায়ে জেলা সদর হাসপাতালের প্রত্যেকটিতে একটি করে বুথ এবং ঢাকা জেলার জন্য ডিএনসিসি করোনা ডেভিকেটেড কোভিড-১৯ হাসপাতালে প্রয়োজনীয় সংখ্যক বুথ নির্দিষ্ট করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

টিকা গ্রহণের ক্ষেত্রে শিক্ষার্থীদের জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র ব্যবহার করে সুরক্ষা অ্যাপের মাধ্যমে রেজিস্ট্রেশন করতঃ টিকা দিতে হবে। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র না থাকলে তালিকা প্রস্তুতপূর্বক টিকা কার্ডের মাধ্যমে (সংযুক্ত) টিকা দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থাও করা হবে। উল্লেখ্য যে, রেজিস্ট্রেশন ছাড়া টিকা না নিলে টিকার সার্টিফিকেট পাওয়া যাবে না।

বিশ্ববিদ্যালয়ের শ্রেণীকক্ষে সরাসরি পাঠদান ও অন্যান্য অন ক্যাম্পাস কার্যক্রম পরিচালনার জন্য স্বাস্থ্য সুরক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় সংশ্লিষ্ট সকলকে টিকা প্রদানের বিষয়ে বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি কয়েক দফা পত্র প্রদান করতঃ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় এবং অধিদপ্তরে অনুরোধ জানিয়েছে।

স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী কোভিড-১৯ টিকা কেন্দ্রের সুনির্দিষ্ট বুথে শিক্ষার্থীদের ভ্যাকসিন গ্রহণের জন্য আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পরামর্শ প্রদানের অনুরোধ জানাচ্ছি।

চলমান করোনা পরিস্থিতিতে আপনার সুস্বাস্থ্য ও নিরাপদ অবস্থান কামনা করি।

ধন্যবাদান্তে,

(শেখ কবির হোসেন)

চেয়ারম্যান

বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি।

অনুলিপিঃ উপাচার্য/রেজিস্টার, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়।

সংযুক্তিঃ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য কোভিড-১৯ টিকার নির্দিষ্ট বুথ স্থাপন সংক্রান্ত স্বাস্থ্য অধিদপ্তরের বিজ্ঞপ্তি।

Address: Flat- B2, House- 65, Road- 17, Block-C, Banani, Dhaka-1213, Bangladesh; Phone No.: +8801729091134, 01708518970; E-mail: secretaryapub@gmail.com; Web: www.apub.org.bd

Notification from DG Health Office.jpeg

~172 KB